ভোরের কাগজ

তারিখ ... 18 NOV 1998 ...
পৃষ্ঠা ১০ কলাম ৫

15

সংসদ

# ২১তম বিসিএস পরীক্ষা নতুন পদ্ধতিতে মানসিক দক্ষতা হবে নতুন বিষয়

কাগজ প্রতিবেদক : আগামী বিসিএস পরীক্ষা (২১তম) নতুন পদ্ধতিতে গ্রহণ করা হবে। এতে মানসিক দক্ষতা নামে একটি নতুন বিষয় সংযোজিত হবে। সরকারি দলের সাংসদ জয়নাল আবেদিন হাজারীর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক গতকাল মঙ্গলবার সংসদে এ কথা জানান।

তিনি বলেন, ২১তম বিসিএস পরীক্ষায় ঐচ্ছিক বিষয় এবং মনস্তাত্ত্বিক পরীক্ষা বন্ধ করে মানসিক দক্ষতা নামে একটি বিষয়সহ ১০০০ নম্বরের সমন্বিত পরীক্ষা গ্রহণের সম্ভাবনা আছে। এ ছাড়া পরীক্ষার পাস নম্বর পরিবর্তনেরও পরিকল্পনা আছে।

**ঢাকা বাইপাস সড়ক**

ঢাকা সমন্বিত বন্যা নিয়ন্ত্রণ বাঁধ-কাম পূর্ব বাইপাস সড়ক বহুমুখী প্রকল্পের বাস্তবায়নের কাজ বর্তমান অর্থবছরেই শুরু হবে। এতে রেলপথ স্থাপনেরও ব্যবস্থা থাকবে।

পানি সম্পদমন্ত্রী আব্দুর রাজ্জাক সরকারি দলের সাংসদ হাজী মোঃ সেলিমের প্রশ্নের জবাবে এ তথ্য জানান।

মন্ত্রী জানান, প্রকল্পের পিসিপি একনেক কর্তৃক অনুমোদনের জন্য পেশ করা হয়েছে। প্রকল্পের আওতায় পানি উন্নয়ন বোর্ড উক্ত ৩০ কি. মি. বন্যা বাঁধসহ বন্যা নিয়ন্ত্রণের অন্যান্য সহায়ক কাঠামো নির্মাণ করবে। ঢাকা ওয়াসা নিষ্কাশন খাল তৈরিসহ ৪টি পাম্প স্টেশন স্থাপন করবে। মন্ত্রী বলেন, বাঁধকে বাইপাস সড়কে রূপান্তরের ব্যবস্থা করবে সড়ক ও জনপথ বিভাগ এবং রেলওয়ে ভবিষ্যতে একই এলাইনমেন্টে যাতে রেলপথ স্থাপন করতে পারে তারও ব্যবস্থা থাকবে।

**নদী খনন**

সরকারি দলের সাংসদ মির্জা আজমের এক প্রশ্নের জবাবে পানিসম্পদমন্ত্রী আব্দুর রাজ্জাক সংসদে জানিয়েছেন, ১১৫০ কি. মি. নদী পুন: খননের পরিকল্পনা সরকারের রয়েছে। এতে প্রাথমিকভাবে ব্যয় ধরা হয়েছে ৩৪১৭ কোটি টাকা। তিনি বলেন, ৪০টি পুন:খননযোগ্য নদ-নদীর তালিকা সংবলিত একটি প্রস্তাব প্রণয়ন করা হয়েছে। যথাযথ কর্তৃপক্ষ অনুমোদন করলে এবং অর্থায়নের ব্যবস্থা হলেই পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে বলে মন্ত্রী জানান।